দৈনিক সংবাদ

তারিখ MAY 4 1999
পৃষ্ঠা ২ কলাম ৭

# 'হোমিও খাতের জন্য বাজেটে পৃথক বরাদ্দ করা হবে'

স্বাস্থ্যমন্ত্রী সালাহউদ্দিন ইউসুফ বলেছেন, আগামী বাজেটে হোমিও চিকিৎসা বিজ্ঞানের শিক্ষা ও উন্নয়নে পৃথক বাজেট বরাদ্দ করা হবে। তিনি গতকাল সোমবার হোমিও চিকিৎসক মহাসমাবেশে একথা বলেন।

হোমিও চিকিৎসার জনক স্যামুয়েল হ্যানিম্যানের ২৪৪তম জন্মবার্ষিকী উপলক্ষে কমলাপুর বাজার সংলগ্ন মাঠে হ্যানিম্যানের ২৪৪তম জন্মজয়ন্তী উদযাপন জাতীয় কমিটি এ সমাবেশের আয়োজন করে। কমিটির আহ্বায়ক ডাঃ এম এ মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ হানিফ, অধ্যাপক আবদুল মান্নান, অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, সৈয়দ আলী আকবর, ডাঃ শাজাহান কামাল ও ডাঃ আবদুর রাজ্জাক তালুকদার। বিজ্ঞপ্তি।